

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্ম ঘট

গাজীপুর সংবাদদাতার ফোনঃ
ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কারের প্রতিবাদে উক্ত বিশ্ববিদ্যালয়ের সংগ্রামী ছাত্র একোত্র ডাকে ছাত্ররা গতকাল (সোমবার) হইতে অনিদিষ্টকালের জঙ্গ ধর্মঘট শুরু করিয়াছে। রবিবার বিশ্ববিদ্যালয় চত্বরে আহৃত ছাত্রগণ সমাবেশে বলা হয়, জাতীয় চেতনার সহিত সম্পৃক্ত কয়েকটি অনুষ্ঠান করার কারণেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উদ্দেশ্যমূলকভাবে ২০ জন ছাত্রকে বহিষ্কার করেন। সমাবেশে অবিলম্বে এই বহিষ্কারাদেশ প্রত্যাহার করার দাবী জানানো হয়। এদিকে গতকাল একদল ছাত্র বিশ্ববিদ্যালয় সম্মুখস্থ ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে আয়োজিত এক সমাবেশে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার স্বর্ভূ পরিবেশ ফিরাইয়া আনার দাবী জানান।